রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুলাই ৩০, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[মূল্য সংযোজন কর]**

**আদেশ**

তারিখঃ ২৯ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১৩ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ০৬/মূসক/২০১৫**—যেহেতু বাংলাদেশ সরকার ও জার্মান সরকারের মধ্যে স্বাক্ষরিত দ্বিপাক্ষিক চুক্তির আওতায় জার্মান সরকারের আন্তর্জাতিক কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান Deutsche Gesellschaft Fur Internationale Zusammenarbeit (GIZ) Gmbh এর ঢাকাস্থ দপ্তরের কাজে ব্যবহারের জন্য আমদানিয় একটি (TOYOTA Landcruiser Hardtop, 10 seaters, 4164 cc, Jeep, White) গাড়ীর উপর প্রযোজ্য Advance Trade VAT (ATV) মওকুফের জন্য উক্ত প্রতিষ্ঠানের পক্ষ থেকে জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করা হয়েছে।

এবং যেহেতু বাংলাদেশ সরকারের সাথে সম্পাদিত চুক্তির আলোকে সাধারণত আন্তর্জাতিক সংস্থাসমূহের জন্য বিশেষ মওকুফ সুবিধা বিবেচনা করা হয় এবং GIZ সংস্থাটি জার্মান সরকারের আন্তর্জাতিক কারিগরি সহায়তা প্রদানকারী একটি প্রতিষ্ঠান।

সেহেতু বাংলাদেশ সরকারের সাথে সম্পাদিত চুক্তির আলোকে এ প্রতিষ্ঠানটিও তাদের ব্যবহারের জন্য (বিক্রির উদ্দেশ্যে নয়) আমদানিয় গাড়ীর উপর প্রযোজ্য ATV মওকুফ পাওয়ার দাবী রাখে বিধায়,

জাতীয় রাজস্ব বোর্ড, উল্লিখিত প্রেক্ষাপটে এবং জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় Deutsche Gesellschaft Fur Internationale Zusammenarbeit (GIZ) কর্তৃক আমদানিয় একটি TOYOTA Landcruiser Hardtop, 10 seaters, 4164 cc, Jeep, White গাড়ীটি এর ঢাকাস্থ



**মূল্য ঃ** টাকা ৪.০০

দাপ্তরিক কাজে ব্যবহার করা হবে-এ বিবেচনায় উক্ত গাড়িটির উপর প্রযোজ্য Advance Trade VAT (ATV) মওকুফের বিষয়টি মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ সনের (২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ ধারা (২) মোতাবেক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল ঃ

**শর্ত ঃ**

(ক) আমদানিয় TOYOTA Landcruiser Hardtop, 10 seaters, 4164 cc, Jeep, White) গাড়ীটি GIZ কর্তৃক বাংলাদেশে বাস্তবায়নাধীন প্রকল্পের কার্যক্রম পরিচালনা ও মনিটরিং কাজে ব্যবহার করবে এবং এটি বাণিজ্যিক কাজে ব্যবহার বা বিক্রয়/হস্তান্তর/স্থানান্তর করা যাবে না;

(খ) আমদানিয় উক্ত গাড়ীটি শুল্ক মূল্যায়ন বিধিমালা ২০০০ এর আলোকে যথাযথ মূল্যে ও এইচ.এস.কোডে শুল্কায়ন করতে হবে;

**(গ)** শুল্কায়নের পূর্বে গাড়ীটির Specification ও সঠিকতা সম্পর্কে নিশ্চিত হতে হবে;

(ঘ) আমদানি নীতি আদেশ, ২০১২—২০১৫ অনুযায়ী গাড়ী আমদানির জন্য প্রযোজ্য শর্তাদি এ ক্ষেত্রে পরিপালনীয় হবে;

**(ঙ)** জাতীয় রাজস্ব বোর্ডের পূর্বানুমতি ব্যতীত গাড়ীটি কোন প্রকার হস্তান্তর/স্থানান্তর করা যাবে না;

(চ) GIZ, ঢাকা কে সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, উক্ত গাড়ীটি কোন প্রকার হস্তান্তর, বিক্রয়, অন্যবিধ ব্যবহার, চুরি বা খোয়া গেলে প্রযোজ্য ATV সহ শুল্ক করাদি পরিশোধে বাধ্য থাকবে।

াতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ এনায়েত হোসেন**
সদস্য (মূসক-নীতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd